উপজেলা পরিষদ

শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

এপ্রিল/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৭/৪/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয়ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মার্চ/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মার্চ/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের মার্চ/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর মার্চ/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো: কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর মার্চ/২০২২মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- | |
| | ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর মার্চ/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| | ১৩ | উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল | ১৩,০০২/- | |

| | | |
|---|---|---|
| | ভ্যাটসহ | |
| ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য মার্চ/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- |
| ১৫ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুলাই/২০২১ হতে মার্চ/২০২২ পর্যন্ত ভ্রমন ভাতার বিল | ৬৮,৮৭৫/- |
| ১৬ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুলাই/২০২১ হতে মার্চ/২০২২ পর্যন্ত ভ্রমন ভাতার বিল | ৩৮,৭৭৩/- |
| ১৭ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুলাই/২০২১ হতে মার্চ/২০২২ পর্যন্ত ভ্রমন ভাতার বিল | ৩৮,২০৭/- |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের গ্যারেজটি ঘুর্ণিঝড়ে উড়ে গিয়েছে। জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় আলোচনা করা হয়। সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপজেলা পরিষদের কোয়াটারের সংস্কারের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে অনুরোধ করেন। উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অধীনে ২০২১-২০২২ অর্থ বছরে ০৯ (নয়) টি প্যাকেজভূক্ত কাজের জন্য আগামী ২৭/৪/২০২২ তারিখ দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র ১২/৪/২০২২ তারিখ হতে ক্রয় করা যাবে। অন্যান্য স্কীম সমূহ পি আই সি ও আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। উপজেলা পরিষদ ভবনের নন গেজেটেড কোয়াটারের পানির পাম্প ও বৈদ্যুতিক ত্রুটির কারণে পানি সরবরাহ বন্ধ ছিল। জরুরী ভিত্তিতে পানির পাম্পের কাজ ও বৈদ্যুতিক কাজ সম্পন্ন বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ১। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের গ্যারেজ মেরমামত ও উপজেলা পরিষদের কোয়াটারের মেরামত কাজ সম্পন্ন করতে হবে।<br>২.উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর অধীনে ২০২১-২০২২ অর্থ বছরের প্রকল্পগুলো সঠিক সময়ে সম্পন্ন করতে হবে।<br>৩.পানির পাম্পের কাজ ও বৈদ্যুতিক কাজ সম্পন্ন বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।<br>২। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোনো সিদ্ধান্ত নাই | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিখার বরাদ্দ পাওয়া গেছে। কিন্তু ইউনিয়ন পরিষদ হতে অদ্যাবধি কোনো তালিকা পাওয়া যায় নি। জরুরী ভিত্তিতে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১। আগামী ০১ সপ্তাহের মধ্যে কাবিখার তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, শান্তিগঞ্জ অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | সিদ্ধান্ত নেই | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, হাওর বহির্ভূত বোরো আবাদ ৪০% কাটা হয়েছে এবং ৫০% জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকের তালিক প্রণয়নের কাজ চলমান রয়েছে। চেয়ারম্যান দরগাপাশা ইউপি সভায় জানতে চান যে, অত্র উপজেলায় কতটি ধান কাটার মেশিন বিতরণ করা হয়েছে। উপজেলা কৃষি কর্মকর্তা, শান্তিগঞ্জ | ১) ধান পাকা সাপেক্ষে দ্রুত বোরো ফসল কর্তন করতে হবে।<br>২) ফসল রক্ষা বাধ নির্মাণ কাজ তদারকি করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জানান যে, ২৩ টি মেশিনের মধ্যে ১০ টি মেশিন বিতরণ করা হয়েছে। বাকী মেশিনের টাকা পরিশোধ না করায় বিতরণ করা যায় নি। তিনি জানান মেশিনের মাধ্যমে ধান কাটার জন্য আগামীতে মেশিনের মাধ্যমে ধান কাটার একর প্রতি টাকার পরিমাণ নির্ধারণ করে দেওয়া হবে। | | |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র উপজেলায় মোট ১৫০০ টি মৎস্য কার্ড ০৮ টি ইউনিয়নে প্রদান করা হবে। পোনা মাছ সংরক্ষণে প্রয়োজনীয় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা গেলে মৎস্য সম্পদ রক্ষা করা যাবে মর্মে আলোচনা করেন। | ১. মৎস্য কার্ড ০৮ টি ইউনিয়নে যথাযথ নিয়মমাফিক বিতরণ/প্রণয়ন করতে হবে এবং পোনা মাছ সংরক্ষণে প্রয়োজনীয় অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১.উপজেলা মৎস্য অফিস, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সাধারণত গর্ভবতী মায়েদের ডেলিভারীর আগে ০৪ টি চেক আপ ও ডেলিভারীর পরে ০৪ টি চেক আপ করা বাধ্যতামূলক। এ বিষয়টি মাঠকর্মীদের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১) প্রতি মাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গৃহপালিত পশু পাখির এ ধরণের রোগ বালাই দেখা দিলে সাথে সাথে অত্র অফিসকে অবহিত করার সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।ক্যাম্প পরিচালনার মাধ্যমে ৩৫০০ গরুকে বাদলা ভ্যাকসিন প্রদান করা হয়েছে। সব ধরণের ভ্যাকসিন পর্যাপ্ত পরিমাণে মজুদ রয়েছে। ইউপি চেয়ারম্যানবৃন্দের সহায়তায় তার এলাকায় যে কোনো স্থানে গবাদিপশুকে ভ্যাকসিন প্রদান করা যেতে পারে। | ১) ইউপি চেয়ারম্যাবৃন্দের সহায়তায় বিভিন্ন ইউনিয়নে টীকাদান ক্যাম্প পরিচালনা করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, কেশবপুর, কুতুবপুর, থলেরবন্দ, ইসলামপুরসহ উপজেলার বিভিন্ন গ্রামে শিক্ষার্থীদের স্কুলে যাওয়ার রাস্তায় নাই। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব- ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মাণের জন্য অনুরোধ করা হয়। | ১. ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব- ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মান করতে হবে | ১. ইউপি চেয়ারম্যান(সকল), শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান যে, নন এমপিওভুক্ত বিদ্যালয়ে স্ক্যানার না থাকায় শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান যে, অত্রাফিসের দরজা ভেঙ্গে পড়ে গেছে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে দরজা লাগানোর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। দরজা মেরমত/তৈরি বাবদ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জরুরী ভিত্তিতে স্ক্যানারের ব্যবস্থা করতে হবে এবং অফিসের দরজাটি মেরামত করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রকল্প নামীয় | ১.বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের কাজ সরকারি নির্দেশনা মেনে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আরও একটি প্রকল্প পাওয়া গেছেন। সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ০২ মাস ব্যাপি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অসচ্চল প্রতিবন্ধী প্রতিস্থাপনের জন্য সকল চেয়ারম্যানগণকে তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচতলার কিন্ডারগার্টেনের ভাড়া পাওয়া যায়নি এবং চুক্তি সম্পাদন হয়নি। প্রতিষ্ঠানের প্রধানের সাথে যোগাযোগ করে কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ করা হয়। | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচতলার কিন্ডারগার্টেনের ভাড়া আদায় করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, আগামী মাস হতে বোরো ধান সংগ্রহ কার্যক্রম শুরু হবে। কৃষি বিভাগের তালিকা অনুযায়ী লটারীর মাধ্যমে খাদ্য গুদামে ধান সংগ্রহ করা হবে। | সরকারি ভাবে খাদ্যগুদামে ধান সংগ্রহ প্রক্রিয়া সচ্চতার সহিত সম্পন্ন করতে হবে। কৃষকগণ যেন তাদের ধানের ন্যয্যমূল্য পেয়ে থাকে তা নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ এর পক্ষে জনাব হাসান কবির, উপজেলা শিশু অধিকার বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে মাতৃত্বকালীন অন্তর্ভূক্তিকরণের তালিকার কাজ বন্ধ রয়েছে। আগামী জুলাই/২০২২ থেকে যথারীতি কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতা প্রযোজ্য। কিন্তু অধিকাংশ ইউনিয়ন হতে একাধিক সন্তান এর মায়ের জন্য এ ভাতার আবেদন প্রেরণ করেন এ বিষয়ে নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১.নীতিমালা মোতাবেক কেবল মাত্র ০২ টি সন্তানের বেলায় মার্তৃত্বকালীন ভাতার প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>২.ট্যাগ অফিসারের উপস্থিতিতে ভিজিডির চাউল বিতরণ করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান,শান্তিগঞ্জ। |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ জানান যে, দরগাপাশা ইউনিয়নের ভমভমি বাজারে রাস্তার পাশ্বে একটি বৈদ্যুতিক খুটি থাকায় মানুষ ও যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বৈদ্যুতিক খুটি অন্যত্র সরানোর জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শান্তিগঞ্জকে অনুরোধ করেন।<br>(খ) অপ্রত্যাশিত খাতে ব্যয় সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ২০২১-২০২২ অর্থ বছরের হাওর রক্ষা বাঁধের প্রকল্পসমূহের বিষয়ে সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন। পানি উন্নয়ন বোর্ডের আওতায় উপজেলা কাবিটা স্কীম কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, শান্তিগঞ্জ উপজেলায় ৫৬ টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। সম্প্রতি আবহাওয়া অধিদপ্তর এবং অন্যান্য বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের পূর্বাভাস অনুযায়ী বাংলাদেশের উত্তর এবং উত্তর-পূর্বাঞ্চল, তদসংলগ্ন ভারতের আসাম এবং মেঘালয়ে ভারী বৃষ্টিপাতের ফলে সুরমা, কুশিয়ারা, পাটলাই ও যাদুকাটার কয়েকটি পয়েন্টের পানি বিপদসীমা অতিক্রম করছে। এ বিষয়ে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় জরুরী বিজ্ঞপ্তি জারী করেছেন।পানির পরিমাণ অত্যাধিক বৃদ্ধি পাওয়ায় যেকোনো সময় পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প বহির্ভূত ছোট ছোট বাধ দিয়ে হাওরে পানি প্রবেশ করতে পারে এবং কিছু কিছু হাওরে এ ধরণের সংবাদ পাওয়া গেছে। শান্তিগঞ্জ উপজেলার বোরো ফসলকে রক্ষার জন্য পানি উন্নয়ন বোর্ডের পাশাপাশি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরী প্রয়োজন যেমন-বাশ, বস্তা, শুকনো খাবার, পলিথিন, মাটি, শ্রমিক ব্যয়, পরিবহন ব্যয়, ইত্যাদি কাজে ব্যয় করার নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে ৩,০০,০০০/-( তিন লক্ষ টাকা) টাকা (বিল ভাউচার সমন্বয় সাপেক্ষ) উত্তোলনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ সভায় অবহিত করেন যে, জনাব মোঃ আব্দুল হাই আজাদ, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার-অপারেটর, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর চাকুরীকাল আগামী ০৯.০৫.২০২২ খ্রিঃ তারিখ ১০ (দশ) বছর চাকুরীকাল পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য বিগত ০৩.০৪.২০২২ খ্রিঃ তারিখে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ বরাবরে একখানা আবেদন দাখিল করেন। আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পদোন্নতি ব্যতিরেকে চাকুরীকাল বিরতিহীন ও সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় তাকে ০৯.০৫.২০২২ খ্রিঃ তারিখ হতে পরবর্তী উচ্চতর গ্রেড -১৩ প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য | ১. সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. শান্তিগঞ্জ উপজেলার বোরো ফসলকে রক্ষার জন্য পানি উন্নয়ন বোর্ডের পাশাপাশি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরী প্রয়োজন যেমন-বাশ, বস্তা, শুকনো খাবার, পলিথিন, মাটি, শ্রমিক ব্যয়, পরিবহন ব্যয়, ইত্যাদি কাজে ব্যয় করার নিমিত্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) এর আলোকে ৩,০০,০০০/-( তিন লক্ষ টাকা) টাকা (বিল ভাউচার সমন্বয় সাপেক্ষ) উত্তোলন করতে হবে।<br>(৩) জনাব মোঃ আব্দুল হাই আজাদ, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার-অপারেটর, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর চাকুরীকাল আগামী ০৯.০৫.২০২২ খ্রিঃ তারিখ ১০ (দশ) বছর চাকুরীকাল পূর্ণ হওয়ায় তাকে ০৯.০৫.২০২২ খ্রিঃ হতে পরবর্তী উচ্চতর গ্রেড -১৩ প্রদান করতে হবে।<br>৪. আগামী ৩১ মে/২০২২ এর মধ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের বাজেট ঘোষণা | ১. এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শান্তিগঞ্জ<br>২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা,শান্তিগঞ্জ।<br>৪. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | নির্বাহী কর্মকর্তা শান্তিগঞ্জকে সভায় অনুরোধ করা হয়।<br>(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট তৈরির জন্য উপজেলা পরিষদের স্থায়ী কমিটির অর্থ ও বাজেট উপ-কমিটিকে অনুরোধ করেন। তিনি জানান যে, আগামী ৩১ মে/২০২২ এর মধ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের বাজেট ঘোষণা করার নিমিত্ত খসড়া বাজেট সকলের অবগতির জন্য পেশ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ৩১ মে/২০২২ এর মধ্যে খসড়া বাজেট প্রস্তুতপূর্বক সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের স্থায়ী কমিটির অর্থ ও বাজেট উপ-কমিটিকে অবহিত করা হয়। | করার নিমিত্ত খসড়া বাজেট প্রস্তুতপূর্বক সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শান্তিগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। |
| | | (ঙ)উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটিতে বিভিন্ন সভা/ সেমিনার/প্রশিক্ষণে স্থান সংকুলান না হওয়ায় সম্মেলন কক্ষের পূর্বপাশের বাথরুম পর্যন্ত সম্প্রসারণ ও আধুনিকায়ন করা হয়েছে। সুনামগঞ্জ-৩ আসনের মাননীয় এমপি ও মানননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি পরিদর্শন করেন। পরিদর্শনকেলে তিনি জানান যে, উপজেলা পরিষদের সম্মমেলন কক্ষটি অত্যন্ত জরাজীর্ণ। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় জরুরী ভিত্তিতে সম্মেলন কক্ষটি আধুনিকায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। মানননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান স্যারের নির্দেশনামতে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি সম্প্রসারণ, ডেকোরেশন, আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, সিলি্ এসি ও অন্যান্য কাজ সম্প্রন্ন করা হয় (ছবি সংযুক্ত)। উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটি রক্ষণাবেক্ষণ, আধুনিকায়ন, সম্প্রসারণ, আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, সিলিং, এসি ও অন্যান্য কাজ সম্প্রন্ন বাবদ ১৪,৮৭,০০০/- (চৌদ্দ লক্ষ সাতাশি হাজার টাকা) ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫,৫০,০০০/- (পাচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ৯,৩৭,০০০/- (নয় লক্ষ সাতাশি হাজার) টাকা অদ্যাবধি বকেয়া রয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত খাতে অর্থ পরিশোধের বিষয়ে সীমাবদ্ধতা থাকায় উক্ত ব্যয়িত অর্থ পরিশোধ করা সম্ভব হচ্ছে না। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ০৪ নং অনুচ্ছেদে বলা হয়েছে যে,উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ তে নির্দেশিত ব্যয়সীমার অতিরিক্ত ব্যয়ের প্রয়োজন হলে অথবা বর্ণিত (ক্রমিক নং ০৩ এর ক-ম) পর্যন্ত খাতের বাহিরে অন্য খাতের ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র ও উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে” মর্মে উল্লেখ করা হয়েছে।<br><br>উল্লেখ্য যে,মানননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান স্যারের নির্দেশনামতে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি স্থানীয় সরকার বিভাগের অনুমোদন ব্যতিত সম্প্রসারণ ও আধুনিকায়ন করা হয়েছে। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি সম্প্রসারণ,ডেকোরেশন, আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, সিলি্ এসি ও অন্যান্য কাজ সম্পন্ন বাবদ অবশিষ্ট ৯,৩৭,০০০/- (নয় লক্ষ সাতাশি হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমতি | ৫. উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি সম্প্রসারণ,ডেকোরেশন, আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, সিলি্ এসি ও অন্যান্য কাজ সম্পন্ন বাবদ অবশিষ্ট ৯,৩৭,০০০/- (নয় লক্ষ সাতাশি হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ৫. উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ। |

| আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভার সদস্যবৃন্দগণ জানান যে, অত্র উপজেলার পরিষদের সম্মেলন কক্ষটি আধুনিকায়ন ও সম্প্রসারণ করা জরুরী প্রয়োজন ছিল। উপজেলার বিভিন্ন সভা/সেমিনার/প্রশিক্ষণ ও অন্যান্য সরকারি অনুষ্ঠান সম্পন্ন করতে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। বর্তমানে সুন্দরভাবে সম্মেলন কক্ষটিতে সভা/সেমিনার করা যাচ্ছে।<br>এমতাবস্থায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষটি সম্প্রসারণ,ডেকোরেশন, আধুনিক সাউন্ড সিস্টেম, লাইটিং, সিলি্ এসি ও অন্যান্য কাজ সম্পন্ন বাবদ অবশিষ্ট ৯,৩৭,০০০/- (নয় লক্ষ সাতাশি হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।<br>(চ) সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ জানান যে, বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল এর টেন্ডারকৃত অর্থের সাশ্রয়কৃত ০৫% অর্থ হতে প্রাপ্ত বরাদ্দের পরিমাণ দিয়ে অত্র উপজেলার বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | (৬) বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল এর টেন্ডারকৃত অর্থের সাশ্রয়কৃত ০৫% অর্থ হতে প্রাপ্ত বরাদ্দের পরিমাণ দিয়ে অত্র উপজেলার বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | (৬) উপজেলা প্রকৌশলী,শান্তিগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25/4/22

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ৫৯(৫০)

তারিখ: ২৬.০৪ , ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা ................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা...........................................................................................

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ